# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 18 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু পরীক্ষার্থীদের নিরাপদে যাতায়াতের জন্য বিনামূল্যে 'আর রিহলাহ' বাস সেবার আয়োজন করেছে বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রশিবির।

শুক্রবার (১৮ই এপ্রিল) বিষয়টি নিশ্চিত করেছে বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রশিবিরের সভাপতি ইউসুফ ইসলাহী।

'আর রিহলাহ' বাস সেবার সময়সূচি হচ্ছে,

রাত ১১টায় পদুয়ার বাজার বিশ্বরোড-কোটবাড়ি বিশ্বরোড-ক্যাম্পাস

এছাড়া রাত ১২টা ১৫ মিনিটে রেলস্টেশন-শাসনগাছা-আলেখার চর বিশ্বরোড-কোটবাড়ি বিশ্বরোড-ক্যাম্পাস।

রাত ১টায় রেলস্টেশন-কান্দিরপাড়-টমছম ব্রিজ-পদুয়ারবাজার বিশ্বরোড-কোটবাড়ি বিশ্বরোড-ক্যাম্পাস।

এবং রাত ৩টায় রেলস্টেশন-কোটবাড়ি বিশ্বরোড-ক্যাম্পাস।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রশিবিরের সভাপতি ইউসুফ ইসলাহী বলেন,'রাত্রিবেলায় দূরদূরান্ত থেকে অনেক শিক্ষার্থী আসবে তাদের নিরাপদে যাতায়াতের কথা চিন্তা করে আমরা এই বাস সার্ভিসের ব্যবস্থা করেছি।কারণ রাতেরবেলায় সচরাচর গাড়ি পাওয়া যায় না।এতে করে শিক্ষার্থীরা নিরাপদে ক্যাম্পাসে আসতে পারবে।

তিনি আরো বলেন,' ইনশাআল্লাহ আমাদের এই আয়োজন আগামী ২৫ তারিখ 'বি' ইউনিটের পরীক্ষার দিনও থাকবে'।

ভর্তি পরীক্ষা বাস সেবা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:22

URL: https://www.timestodaybd.com/public/campus/8179261007